"অগ্রাধিকার প্রাপ্ত মন্ত্রণালয়" "জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।

"নিলাম বিজ্ঞপ্তি" নং-বাপেক্স/ নিঃ কঃ /২৭/২০১৪ তারিখঃ ১৭-০৯-২০১৪।

কোম্পানীর ঢাকাস্থ ভান্ডার উপ-বিভাগ ও ডিআরএস, ঢাকা উদ্যান, মোহাম্মদপুর-এ রক্ষিত নিম্নে বর্ণিত অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রকৃত আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের অন্যান্য তথ্য নিম্নরূপঃ

মালামালের বিবরণ	পরিমাণ	বর্তমান অবস্থা	মালামালের বর্তমান অবস্থান
বিভিন্ন প্রকার অফিস ইকুইপমেন্ট, বৈদ্যুতিক যন্ত্রপাতি, আসবাবপত্র, ব্যাটারী, স্ক্র্যাপ, ষ্টীল পাইপ, ইত্যাদি	১০৬ পদ (তালিকা সংযুক্ত)	অকেজো/ ব্যবহার অযোগ্য	১। ভান্ডার উপ-বিভাগ, লেভেল-৪, বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫। ২। ডিআরএস, প্লট #৪, রোড#১, ব্লক ডি, ঢাকা উদ্যান, মোহাম্মদপুর, ঢাকা।

১। দরপত্র দলিলের মূল্য ঃ প্রতি সেট ৳ ২০০/-(দুই শত) টাকা মাত্র (অফেরৎযোগ্য)।

২। দরপত্র দলিল বিক্রয় শুরুর তারিখ ঃ ২৪-০৯-২০১৪ তারিখ অফিস চলাকালীন সময়ে।

৩। দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ঃ ১৪-১০-২০১৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।

৪। দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **১৫-১০-২০১৪ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার মধ্যে।**

৫। আর্ণেষ্টমানি(ফেরতযোগ্য) ঃ উদ্বৃত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর অনুকুলে যে কোন তফসীলি ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে।

৬। দরপত্র জমাদানের পদ্ধতি ঃ সীলমোহরকৃত খামের উপর দর প্রদানকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা উল্লেখপূর্বক এবং দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করে যথাসময়ে নির্দিষ্ট দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে।

৭। দরপত্র দলিল বিক্রয়ের স্থান ঃ
ক) হিসাব ও অর্থ বিভাগ,বাপেক্স, বাপেক্স ভবন, লেভেল-৩, ৪, কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।
খ) আঞ্চলিক অফিস, বাপেক্স, পোর্ট কানেকটিং রোড, পশ্চিম নাছিরাবাদ, সরাইপাড়া, চট্টগ্রাম।
গ) হিসাব বিভাগ, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

৮। দরপত্র গ্রহণের স্থান **(নিম্নে বর্ণিত দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে) ঃ-**
ক) পরিচালক (অপারেশন), বাপেক্স, বাপেক্স ভবন, লেভেল-৮, ৪, কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।
খ) সচিব, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা।

৯। দরপত্র খোলার স্থান ঃ পরিচালক (অপারেশন) ও আহবায়ক, স্থায়ী নিলাম কমিটি, বাপেক্স, বাপেক্স ভবন, লেভেল-৮, ৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫ এর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে **(যদি কেহ উপস্থিত থাকেন)** দরপত্র খোলা হবে।

১০। দরপত্র খোলার তারিখ ও সময় ঃ **১৫-১০-২০১৪ তারিখ, বিকাল ২:৩০ ঘটিকা।**

১১। অন্যান্য বিষয় ঃ ক) আগ্রহী ক্রেতাগণ দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ প্রদর্শন সাপেক্ষে সংশিষ্ট বিভাগ/ দপ্তর প্রধানের অনুমতিক্রমে বিক্রয়যোগ্য মালামাল আগামী **২৪-০৯-২০১৪ হতে ১৪-১০-২০১৪ তারিখ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করতে পারবেন।
খ) কৃতকার্য দরদাতা কার্যাদেশ প্রাপ্তির পর সরকারী নিয়মানুযায়ী উদ্বৃত দরের উপর আয়কর এবং ভ্যাট বাংলাদেশ ব্যাংকে জমা প্রদান পূর্বক মূল চালান এবং সমুদয় নিলাম মূল্য বাপেক্স এর হিসাব ও অর্থ বিভাগে জমা প্রদানপূর্বক রশিদ নিলাম কমিটির আহবায়কের নিকট দাখিল করবেন। আয়কর, ভ্যাট চালান এবং নিলাম মূল্যের রশিদ দাখিলের পর বিক্রিত মালামালের ডেলিভারী আদেশ প্রদান করা হবে।
গ) কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

GD-3626

প্রকৌঃ মোঃ ইউসুফ হারুন
পরিচালক (অপারেশন)।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
স্নাতক শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি
২০১৪ - ২০১৫ শিক্ষাবর্ষ

Website for Online Application: **www.buet.ac.bd**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের বিভিন্ন বিভাগে স্নাতক শ্রেণীতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল ছাত্র-ছাত্রী ২০১১ বা ২০১২ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৪ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, **অথবা** ২০১১ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৩ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষার সংশোধিত ফলাফল ৩০ সেপ্টেম্বর ২০১৩ তারিখের পরে শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে, **অথবা** ২০১০ সালের নভেম্বর বা তার পরে GCE "O" লেভেল এবং ২০১৩ সালের নভেম্বর বা তার পরে GCE "A" লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে,অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে। যে সকল ছাত্র-ছাত্রী ইতিপূর্বে এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

[ক] প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয়সমূহের প্রতিটিতে জিপি ৫.০০ পেয়ে এবং ইংরেজী ও বাংলায় মোট জিপি ন্যূনতম ৯.০০ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে নিম্নে উল্লেখিত নির্ধারিত মানের ভিত্তিতে বাছাই করে প্রথম থেকে ৮৫০০তম সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। এই বাছাইয়ের জন্য যথাক্রমে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজীতে প্রাপ্ত জিপি, বাংলায় প্রাপ্ত জিপি, মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (অতিরিক্ত বিষয় ব্যতীত)-কে অগ্রাধিকারের ক্রম হিসাবে বিবেচনা করা হবে।

[খ] GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল পাশ করা প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE "O" লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয় (গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি সহ) এর প্রতিটিতে কমপক্ষে B গ্রেড এবং GCE "A" লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন এই তিন বিষয়ের প্রতিটিতে কমপক্ষে A গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল সার্টিফিকেট প্রাপ্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

[গ] ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

"ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের তালিকা" বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

২। আসন সংখ্যা

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসন সংখ্যা ১০০০ টি।

৩। আবেদন করার নিয়ম

ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী (Prospectus) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.buet.ac.bd)-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করে Submit করতে হবে। Submit করা শেষে একটি Application Serial No. প্রদান করা হবে এবং পরবর্তীতে এই নম্বরের বিপরীতে টেলিটক প্রিপেইড মোবাইল দিয়ে SMS এর মাধ্যমে আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি জমা দিতে হবে। প্রতিটি গ্রুপের জন্য প্রদেয় ফি-এর পরিমাণ নীচের ছকে উল্লেখ করা হল:

গ্রুপ	বিভাগ	আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি
"ক"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৮৭০০/- (টাকা সাতশ মাত্র)
"খ"	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৮৮০০/- (টাকা আটশ মাত্র)

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি টেলিটক প্রি-পেইড মোবাইল দিয়ে SMS-এর মাধ্যমে প্রদানযোগ্য হবে। আবেদনের ফরম অনলাইনে পূরণ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় শুক্রবার ব্যতীত যে কোন দিন যোগাযোগ করা যাবে।

৪। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শুরু	১৪ অক্টোবর ২০১৪, মঙ্গলবার, সকাল ১০:০০ টা
২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শেষ	২২ অক্টোবর ২০১৪, বুধবার, বিকাল ৪:৩০ মিনিট
৩। SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান শেষ	২৩ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার, বিকাল ৪:৩০ মিনিট
৪। E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সরাসরি রেজিষ্ট্রার অফিসের ভর্তি শাখায় জমা দেয়া *	১৪ অক্টোবর ২০১৪, মঙ্গলবার হতে ২৩ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার (শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ টা - বিকাল ৪:৩০ মিনিট
৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	৩০ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার
৬। ভর্তি পরীক্ষা	**২২ নভেম্বর ২০১৪, শনিবার**
৭। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	১৩ ডিসেম্বর ২০১৪, শনিবার
* E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত "স্নাতক শ্রেণীতে ভর্তির তথ্যাবলী" তে দেয়া আছে।	

বিশেষ দ্রষ্টব্যঃ

- ২২ অক্টোবর ২০১৪, বুধবার, বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে আবেদনপত্র পূরণ শুরু করা যাবে না এবং বিকাল ৫.৩০ মিনিটে অনলাইনে আবেদনের সার্ভার বন্ধ হয়ে যাবে; এর পর অনলাইনে কোন আবেদনপত্র submit করা যাবে না।
- মডিউল A এবং মডিউল B এর প্রতিটি বিষয়ের সকল প্রশ্ন ও মূল্যায়ন প্রচলিত পদ্ধতিতে করা হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।

GD-3673

রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

নথি নং ২১.১২৬.০১৬.৪২.০০.০০৭.২০১৪-১৫/৫০ তারিখঃ ২৩/০৯/২০১৪ খ্রিঃ

স্বল্প মেয়াদে ব্যক্তি পরামর্শক (জাতীয়) নিয়োগের নিমিত্ত আগ্রহ ব্যক্তকরণ (Expression of Interest- EOI) এর জন্য বিজ্ঞপ্তি

চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের মনিটরিং সেক্টরসমূহের মাধ্যমে স্বল্প মেয়াদে ব্যক্তি পরামর্শক (জাতীয়) নিয়োগ করে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় অডিট/সমীক্ষা ফি খাতে অর্থের সংস্থান রয়েছে।

২। **পরামর্শক/পরামর্শকগণের কার্যপরিধি (Terms of Reference) সাধারণ ভাবে নিম্নরূপ হবে :**

(ক) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়নের অবস্থা ইত্যাদি) পর্যালোচনা;
(খ) প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ, সারণীতে উপস্থাপন ও পর্যালোচনা;
(গ) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
(ঘ) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন বিধিমালা (পিপিএ, পিপিআর,উন্নয়ন সহযোগীর গাইড লাইন) ইত্যাদি মান্য করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
(ঙ) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান, পরিমাণ ইত্যাদি অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
(চ) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে), যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
(ছ) প্রণীত প্রতিবেদন টেকনিক্যাল কমিটি/স্টিয়ারিং কমিটি/কর্মশালায় উপস্থাপনের মাধ্যমে প্রতিবেদনটি চূড়ান্ত করা;
(জ) বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

২.১। নির্বাচিত প্রকল্পের কর্মকান্ড অনুযায়ী কার্যপরিধি (ToR) এর কিছু কিছু সংযোজন ও বিয়োজন হতে পারে। RFA-তে বিস্তারিত কার্যপরিধি পাওয়া যাবে।

৩। **স্বল্প মেয়াদে ব্যক্তি পরামর্শক (জাতীয়) নিয়োগের নিমিত্ত আগ্রহ ব্যক্তকরণ (Expression of Interest- EOI) এর জন্য প্রকল্পের নাম, প্রয়োজনীয় যোগ্যতা আনুষাঙ্গিক তথ্য:**

প্যাকেজ নং	গৃহীত প্রকল্প/প্যাকেজের নাম	উদ্যোগী মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থা এবং প্রকল্প বাস্তবায়নকাল	পরামর্শকের সংখ্যা এবং পদবী	শিক্ষাগত যোগ্যতা	পেশাগত অভিজ্ঞতা	RFA সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
এসআর-১	তারাইল পাচুরিয়া সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প।	পানি সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মার্চ, ২০১০ হতে জুন ২০১৬	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম বিএসসি সিভিল//হাইড্রোলজি পানি সম্পদ/ কৃষি প্রকৌশল ডিগ্রী অথবা সমতূল্য ডিগ্রী।	বাঁধ/পোল্ডার/রেগুলেটর/কৃষি অবকাঠামো পরিকল্পনা/বাস্তবায়ন মনিটরিং/মূল্যায়ন/ কনসালটেন্সী কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব পরিমল চন্দ্র বসু উপ-পরিচালক কৃষি সেক্টর,আইএমইডি
এসআর-২	পাবনা নাটোর সিরাজগঞ্জ ক্ষুদ্র সেচ উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়)	কৃষি মন্ত্রণালয় বিএডিসি মার্চ, ২০১১ হতে জুন ২০১৬	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম কৃষি প্রকৌশল/পানি সম্পদ প্রকৌশল/ কৃষি অর্থনীতিতে স্নাতক ডিগ্রী অথবা সমতূল্য ডিগ্রী।	পানি সম্পদ/ কৃষি উন্নয়ন প্রকল্পের পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব আসাদুজ্জামান রিপন সহকারী পরিচালক কৃষি সেক্টর,আইএমইডি
এসআর-৩	বন্যা নিয়ন্ত্রণ ও সেচ প্রকল্প এলাকায় এবং অন্যান্য জলাশয়ে মৎস্য ও প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়)	প্রাণি সম্পদ মন্ত্রণালয় জুলাই, ২০১১ হতে জুন ২০১৫	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম ফিশারিজ/কৃষি/ লাইভস্টক বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা প্রাণী বিজ্ঞানে স্নাতোকত্তর ডিগ্রি অথবা সমতূল্য ডিগ্রী।	সেচ প্রকল্প/মৎস্য প্রকল্প বিষয়ে পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা	জনাব দোবোত্তম সান্যাল সহকারী পরিচালক কৃষি সেক্টর,আইএমইডি
এসআর-৪	চামড়া শিল্প নগরী, ঢাকা (২য় সংশোধিত)	শিল্প মন্ত্রণালয় বিসিক জানুয়ারী, ২০০৩ হতে জুন, ২০১৬	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম বিএসসি ইন কেমিক্যাল /ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল/ লেদার টেকনোলজি/ ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অথবা ফলিত রসায়নে স্নাতকোত্তর অথবা সমতূল্য ডিগ্রী।	বৃহৎ শিল্প পার্ক/নগরী, রপ্তানীমূখী শিল্প উন্নয়ন পুনর্বাসন পরিকল্পনা/বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব জয়নাল মোল্লা সহকারী পরিচালক শিল্প সেক্টর, আইএমইডি
এসআর-৫	পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রদান প্রকল্প	বিদ্যুৎ বিভাগ পল্লী বিদ্যুতায়ন বোর্ড জানুয়ারী, ২০১২ হতে জুন, ২০১৫	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম বিএসসি ইন সিভিল/ইলেকটিক্যাল /মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা সমতূল্য ডিগ্রী।	বিদ্যুৎ বিতরণ, সম্প্রসারণ/রিনোভেশন প্রকল্পের পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব তাওসীফ হোসেন সহকারী পরিচালক শিল্প সেক্টর, আইএমইডি
এসআর-৬	হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট প্রকল্প	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য অধিদপ্তর জুলাই, ২০১১ হতে জুন, ২০১৬	১(এক) জন পরামর্শক (মূল্যায়ন বিশেষজ্ঞ, টিম লিডার) (০৪ জনমাস)	বায়োমেডিক্যাল ইঞ্জি/মেকানিক্যাল ইঞ্জি/ স্বাস্থ্য অর্থনীতি/পাবলিক হেলথ-এ স্নাতোকত্তর ডিগ্রী অথবা সমতূল্য ডিগ্রী।	স্বাস্থ্য সেক্টরের কাজে পরিকল্পনা/বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়নে ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	ডা: মো: আকতারুজ্জমান পরিচালক শিক্ষা সেক্টর, আইএমইডি
			১(এক) জন পরামর্শক পাবলিক হেলথ স্পেসালিষ্ট (০৪ জনমাস)	এমবিবিএস উইথ পোষ্ট গ্রাজুয়েট ইন পাবলিক হেলথ/স্বাস্থ্য অর্থনীতিতে মাস্টার্স অথবা সমতূল্য ডিগ্রী।	স্বাস্থ্য সেক্টরের কাজের নীতিমালা প্রণয়ন/ পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়নে ৮ বছরসহ মোট ১২ বছরের অভিজ্ঞতা।	ডা: মো: আকতারুজ্জমান পরিচালক শিক্ষা সেক্টর, আইএমইডি
এসআর-৭	সরকারী প্রাথমিক বিদ্যালয় পুন:নির্মাণ ও সংস্কার প্রকল্প (GPSRRP) ৩য় সংশোধিত (Phase-II)	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৬	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম বিএসসি ইন সিভিল/আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং অথবা সমতূল্য ডিগ্রী।	বিদ্যালয় ভবন নির্মাণ বিষয়ে পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা। ;	জনাব সঞ্জয় কুমার ঘোষ সহকারী পরিচালক শিক্ষা সেক্টর, আইএমইডি
এসআর-৮	আইলায় ক্ষতিগ্রস্থ গ্রামীণ অবকাঠামো পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)	স্থানীয় সরকার বিভাগ এলজিইডি জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	দূর্যোগ ব্যবস্থাপনা/ অর্থনীতিতেস্নাতোকত্তর ডিগ্রি /পানি সম্পদ/হাইড্রোলজিতে স্নাতক ডিগ্রী অথবা সমতূল্য ডিগ্রী।	দূর্যোগ ব্যবস্থাপনা, দূর্যোগে ক্ষয়ক্ষতি নিরূপণ, ক্ষতিগ্রস্থ অবকাঠামোর উন্নয়ন/পুনর্বাসনে পরিকল্পনা/বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব খায়রুল হাসান উপ-পরিচালক যোগাযোগ সেক্টর, আইএমইডি
এসআর-৯	জাতীয় ভূমি জোনিং প্রকল্প	ভূমি মন্ত্রণালয় জুলাই, ২০১২ হতে জুন, ২০১৫	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	মাষ্টারস ইন আরবান এন্ড রুরাল প্লানিং/সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতূল্য ডিগ্রী।	ভূমি জরীপ, ভূমি বিতরণ ও ব্যবহার, ভূমিহীণ পরিবারকে পুনর্বাসন ও গুচ্ছগ্রাম প্রকল্প বিষয়ে পরিকল্পনা/ বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব দোবোত্তম সান্যাল সহকারী পরিচালক কৃষি সেক্টর, আইএমইডি
এসআর-১০	পল্লী অবকাঠামো উন্নয়ন (জনগূরুত্বপূর্ণ গ্রামীণ যোগাযোগ এবং হাটবাজার উন্নয়ন প্রকল্প (২য় খন্ড, ১ম সংশোধিত	স্থানীয় সরকার বিভাগ এলজিইডি জুলাই, ২০০৫ হতে জুন, ২০১৬	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	বিএসসি ইন সিভিল/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী	জেলা/উপজেলা, ইউনিয়ন ও গ্রাম আরবান এন্ড রুরাল প্লানিং পর্যায়ে অবকাঠামোর মান নির্ধারণ, পল্লী অবকাঠামোর উন্নয়ন /পুনর্বাসন প্রকল্পের বিষয়ে পরিকল্পনা/বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব খায়রুল হাসান উপ-পরিচালক যোগাযোগ সেক্টর, আইএমইডি
এসআর-১১	উজানচর-বাজিতপুর-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন প্রকল্প।	যোগাযোগ মন্ত্রণালয় সড়ক ও জনপথ অধিদপ্তর জানুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৫	১(এক) জন পরামর্শক (০৪ জনমাস)	ন্যূনতম বিএসসি ইন সিভিল/ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং/মাষ্টারস ইন ট্রান্সপোর্ট ইকনমিক্স বা সমতুল্য ডিগ্রী	সড়ক উন্নয়ন প্রকল্প বিষয়ে পরিকল্পনা/এপ্রাইজাল/বাস্তবায়ন/ মনিটরিং/ মূল্যায়ন কাজের ১০ বছরসহ মোট ১৫ বছরের অভিজ্ঞতা।	জনাব মো: আশরাফুজ্জামান ভূঁইয়া সহকারী পরিচালক যোগাযোগ সেক্টর, আইএমইডি

৪। **অন্যান্য বিষয়াদিঃ**

৪.১। আরএফএ-তে বর্ণিত কার্যপরিধি (Terms of References) অনুযায়ী নিবিড় পরিবীক্ষণ কাজটি সম্পন্ন করতে হবে।
৪.২। প্রতিটি প্যাকেজ এর নিবিড় পরিবীক্ষণ কাজ ০১ নভেম্বর, ২০১৪ হতে ০১ মার্চ, ২০১৫ পর্যন্ত সময়ে (৪ জনমাস) সম্পন্ন করতে হবে।
৪.৩। প্রতিটি নিবিড় পরিবীক্ষণ কাজ আলাদা আলাদা চুক্তির মাধ্যমে সম্পন্ন করা হবে।
৪.৪। নিয়োজিতব্য ব্যক্তি পরামর্শকের সর্বোচ্চ বয়স সীমা ৬৫ (পঁয়ষট্টি) এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।
৪.৫। প্রতিবেদনসমূহ বাংলা ভাষায় প্রণী